

একাদশে ভর্তির দ্বিতীয় ধাপের আবেদন শুরু

সংবাদ অনলাইন রিপোর্ট

: শনিবার, ২৩ আগস্ট ২০২৫



বিভিন্ন কলেজ ও মাদ্রাসায় একাদশ শ্রেণিতে ভর্তি হতে দ্বিতীয় ধাপের আবেদন গ্রহণ শুরু হয়েছে। শনিবার থেকে শুরু হওয়া এ আবেদন করা যাবে সোমবার রাত ৮টা পর্যন্ত।

ভর্তির ওয়েবসাইটে প্রকাশিত নোটিসে জানানো হয়েছে, শিক্ষার্থীরা www.xiclassadmission.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে দ্বিতীয় দফায় আবেদন করতে পারবেন। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ২২০ টাকা ফি জমা দিতে হবে।

এর আগে ২০ অগস্ট সন্ধিয়ায় প্রথম ধাপের ফল প্রকাশ করা হয়। এতে ১০ লাখ ৪৫ হাজারের বেশি শিক্ষার্থী নির্বাচিত হয়েছেন। তবে প্রায় ২৮ হাজার শিক্ষার্থী নির্বাচিত হননি। তাদের মধ্যে ৫ হাজার ৭০০ এর বেশি জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থী পছন্দের কলেজ পাননি। প্রথম ধাপে নির্বাচিতরা শুক্রবার রাত ৮টা পর্যন্ত নির্বাচন নিশ্চায়ন করতে পেরেছিলেন।

নীতিমালা অনুসারে আগামী ২৮ অগস্ট রাত ৮টায় দ্বিতীয় ধাপের আবেদনের ফল ও প্রথম মাইগ্রেশনের ফল প্রকাশ করা হবে। ২৯ ও ৩০

অগাস্ট দ্বিতীয় ধাপের নির্বাচন নিশ্চায়ন করতে হবে। ৩১ অগাস্ট থেকে ১ সেপ্টেম্বর তৃতীয় ধাপের আবেদন গ্রহণ করা হবে। ৩ সেপ্টেম্বর রাত ৮টায় তৃতীয় ধাপের আবেদনের ফল ও দ্বিতীয় মাইগ্রেশনের ফল প্রকাশ করা হবে। ৪ সেপ্টেম্বর তৃতীয় ধাপের নির্বাচন নিশ্চায়ন করতে হবে। ৫ সেপ্টেম্বর সর্বশেষ মাইগ্রেশনের ফল প্রকাশ করা হবে।

ভর্তি কার্যক্রম চলবে আগামী ৭ থেকে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত। একাদশ শ্রেণির ক্লাস শুরু হবে ১৫ সেপ্টেম্বর।